# সৌদি আরবে রমজানের চাঁদ দেখা গেছে, কাল থেকে রোজা শুরু



সংগৃহীত ছবি

সৌদি আরবে পবিত্র রমজান মাসের চাঁদ দেখা গেছে। ফলে দেশটিতে মঙ্গলবার রাত থেকেই ১৪৪৭ হিজরি সনের রমজান মাস শুরু হচ্ছে। বুধবার থেকে সৌদির মুসলমানরা সিয়াম পালন শুরু করবেন।

মঙ্গলবার (১৭ ফেব্রুয়ারি) রাতে Gulf News জানায়, সৌদি আরবের চাঁদ দেখা কমিটি বিভিন্ন পর্যবেক্ষণ কেন্দ্রের তথ্য যাচাই-বাছাই শেষে নতুন চাঁদ দেখার বিষয়টি নিশ্চিত করেছে। সংশ্লিষ্ট কর্তৃপক্ষ আনুষ্ঠানিকভাবে ঘোষণা দিলে দেশজুড়ে রমজানের প্রস্তুতি চূড়ান্ত হয়।

ঘোষণা অনুযায়ী, বুধবার রমজানের প্রথম দিন হিসেবে গণ্য হবে। ইতোমধ্যে মসজিদগুলোতে বিশেষ আয়োজন সম্পন্ন হয়েছে। ধর্মপ্রাণ মুসল্লিরা রোজা পালনের জন্য মানসিক ও আধ্যাত্মিক প্রস্তুতি নিয়েছেন।

রমজান মাস মুসলিম উম্মাহর কাছে অত্যন্ত মর্যাদাপূর্ণ। সুবহে সাদিক থেকে সূর্যাস্ত পর্যন্ত পানাহার ও সব ধরনের ভোগ-বিলাস থেকে বিরত থেকে রোজা রাখা হয়। পাশাপাশি কোরআন তিলাওয়াত, দান-সদকা এবং নফল ইবাদতের মাধ্যমে আল্লাহর সন্তুষ্টি অর্জনের চেষ্টা করেন মুমিনরা।

সৌদি আরবে রমজান শুরুর ঘোষণার পর বিভিন্ন দেশেও চাঁদ দেখার প্রস্তুতি জোরদার হয়েছে। মধ্যপ্রাচ্যের অনেক দেশ সাধারণত সৌদির ঘোষণার পরদিন থেকেই রোজা শুরু করে। বাংলাদেশে বেশিরভাগ সময় এক দিন পর রমজান শুরু হয়। সে হিসাবে দেশে বৃহস্পতিবার থেকে রোজা শুরু হওয়ার সম্ভাবনা রয়েছে।

রমজান শেষে শাওয়াল মাসের চাঁদ দেখা সাপেক্ষে উদ্‌যাপিত হবে পবিত্র ঈদুল ফিতর। তার আগে এক মাসব্যাপী সংযম, ত্যাগ ও ইবাদতের মধ্য দিয়ে রহমত, মাগফিরাত ও নাজাতের এই বরকতময় সময় অতিবাহিত করবেন মুসলিম।